



# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৯৮৭

তারিখঃ ২২/০৮/২০১৩ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৮৯ তম কমিশন সভা অদ্য ২২/০৮/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. সভায় DBL Securities Ltd. কে Z ক্যাটাগরি নন মার্জিন শেয়ারে একজন বিনিয়োগকারীকে ১০ কোটি টাকার বেশী মার্জিন ঋণ প্রদান করে যথাক্রমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated: October 1, 2009 এবং Directive No. SEC/CMRRCD/2001-43/53 dated: July 25, 2010 ভঙ্গের কারণে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত কমিশন গ্রহণ করেছে।
২. কমিশন আজকের সভায় PHP Stocks & Securities Ltd. এর ৩১শে ডিসেম্বর ২০১১ এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী Consolidated Customers' Account-এ ১০ কোটি টাকার উপরে ঘাটতি থাকায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এ বর্ণিত আচরণবিধি ৬ (নিজ স্বার্থসিদ্ধির জন্য অপকৌশল প্রয়োগ নিষিদ্ধ) এবং বিধি ১১ (সনদপ্রাপ্ত ব্যক্তির কর্তব্য) ভঙ্গ করার জন্য PHP Stocks & Securities Ltd. -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. PFI Securities Ltd. (ক) একজন বিনিয়োগকারীকে এভারেজ নেট ক্যাপিটাল এর ২৫% এর অতিরিক্ত ঋণ প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 5(1) ভঙ্গ; (খ) কতিপয় বিনিয়োগকারীদের অনুমোদিত অনুপাতের (অর্থাৎ ১:২) অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/92 dated: January 10, 2011 ভঙ্গ; এবং (গ) বেশ কিছু বিনিয়োগ হিসাবে (Client Codes) আর্থিক সমন্বয় (Financial Adjustments) এর সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/SRMID/94-231/472 dated: February 13, 2005 ভঙ্গ করেছে। উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের কারণে PFI Securities Ltd. -কে আজকের সভায় ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।
৪. Appollo Ispat Complex Ltd. -কে বিগত ৪৬০তম কমিশন সভায় প্রাথমিক গণ প্রস্তাবের অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে ৪৬৮ তম কমিশন সভায় উক্ত কোম্পানীর প্রাথমিক চাঁদা গ্রহণের তারিখ স্থগিত করা হয়। চাঁদা স্থগিত করার পর কোম্পানী শেয়ার হোল্ডারদের অভিযোগ নিষ্পত্তির জন্য আদালতের আদেশ অনুযায়ী পরিচালকদের কিছু সংখ্যক শেয়ার অভিযোগকারী শেয়ারহোল্ডারদের অনুকূলে হস্তান্তর করেছে। এছাড়াও কোম্পানীর কর সংক্রান্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত নেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংক থেকে কোম্পানীর সকল পরিচালকগণের ঋণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে যা সংশোধিত প্রসপেক্টাসে অন্তর্ভুক্ত হয়েছে। পাশাপাশি অন্যান্য বিষয়ে কোম্পানী কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা গ্রহণ করা হয়েছে এবং প্রসপেক্টাসে অন্তর্ভুক্ত হয়েছে। সার্বিক বিবেচনায় কমিশন আজকের সভায় Appollo Ispat Complex Ltd. এর প্রাথমিক গণ প্রস্তাবের চাঁদা গ্রহণের স্থগিতাদেশ প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য যে, Appollo Ispat Complex Ltd. প্রাথমিক গণ প্রস্তাবের মাধ্যমে ১০ টাকা মূল্যমানের ১০ কোটি সাধারণ শেয়ার প্রতিটি শেয়ার ১২ টাকা প্রিয়ামসহ ২২ টাকায় ইস্যু করবে।

  
22/08/2013  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র